প্রথম আলো

তারিখ 01 JAN 2016
পৃষ্ঠা ২ কলাম ২

# শিক্ষার উন্নয়নে বেসরকারি খাতের সহায়তা কামনা

শিক্ষা খাতে নেওয়া কর্মসূচির উন্নয়নে বেসরকারি খাতকে এগিয়ে আসার ও সরকারি প্রচেষ্টায় সহায়তা করার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শিক্ষিত জাতি গঠন ও বাংলাদেশকে একটি সমৃদ্ধশালী রাষ্ট্রে পরিণত করার স্বার্থে এ আহ্বান জানান তিনি।

গতকাল বৃহস্পতিবার প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে বিদায়ী ২০১৫ সালের প্রাইমারি স্কুল সার্টিফিকেট, জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও সমমানের পরীক্ষার ফলাফল গ্রহণকালে এ আহ্বান জানান প্রধানমন্ত্রী। খবর ইউএনবি ও বাসসের।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান সকালে অনাড়ম্বর অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর হাতে ওই ফলাফল তুলে দেন। অনুষ্ঠানে দেশব্যাপী পাঠ্যপুস্তক বিতরণ কর্মসূচিরও উদ্বোধন করেন প্রধানমন্ত্রী।

শেখ হাসিনা শিক্ষার্থীদের ঝরে পড়া রোধে সব শিক্ষাপ্রতিষ্ঠানে 'মিড-ডে মিল' অব্যাহত রাখতে ও অন্যান্য উন্নয়ন কর্মকাণ্ড বাস্তবায়নে তহবিল গঠনের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন। তিনি 'মিড-ডে মিল' চালু ও অব্যাহত রাখতে স্থানীয় ধনাঢ্য ব্যক্তি, জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানের প্রাক্তন শিক্ষার্থীদের সহায়তা চাইতে কর্তৃপক্ষকে পরামর্শ দেন।